

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১-০০০০.০০৭.২৭.০৮২.২০০৮-

তারিখঃ ----- খ্রিঃ ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ সেহাব উদ্দিন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, তারাস, সিরাজগঞ্জ(পূর্ববর্তী কর্মস্থল- ফুলবাড়ী, কুড়িগ্রাম)-এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে এ অধিদপ্তরের ০৬-৭-২০১০ খ্রিঃ তারিখের ৪০৫ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়। উক্ত বিভাগীয় মামলার যাবতীয় কার্যক্রম সম্পাদনপূর্বক গত ১২-১১-২০১৩ খ্রিঃ তারিখের ৪০৬ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক ০২(দুই)টি বার্ষিক বর্ধিত বেতন ০২(দুই) বছরের জন্য স্থগিত দন্ডারোপ করা হয় এবং দুই বছরের মধ্যে তিনি তার আচরণ সংশোধন করলে স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতনের অর্থ উত্তোলন করতে পারবেন মর্মে দণ্ডদেশে উল্লেখ করা হয়। এছাড়া বিভাগীয় মামলায় আনীত যুব ঋণের আত্মসাতকৃত ২০,৯৪০/- (বিশ হাজার নয়শত চল্লিশ) টাকা সংশ্লিষ্ট হিসাবে জমাদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। জনাব মোঃ সেহাব উদ্দিন উল্লিখিত টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছেন। বিভাগীয় মামলায় আরোপিত শাস্তির মেয়াদও ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে। অন্যদিকে, বর্তমানে তার চাকুরী সন্তোষজনক মর্মে স্থানীয় কর্তৃপক্ষ প্রত্যয়ণ করেছেন।

এমতাবস্থায়, তার স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন উত্তোলনের অনুমোদন দেয়া হলো।

স্বাক্ষরিত/-  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখঃ ২৭.৬.১৩ খ্রিঃ ।

নং-৩৪.০১-০০০০.০০৭.২৭.০৮২.২০০৮- ৭৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ/কুড়িগ্রাম।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তারাস, সিরাজগঞ্জ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তারাস, সিরাজগঞ্জ।
- ০৭। জনাব মোঃ সেহাব উদ্দিন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, তারাস, সিরাজগঞ্জ।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃঙ্খলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা